খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৪)

সংশোধিত

স্মারক নম্বর খুবি/প্রশা-৫নি-১৮/৯১(০৯)-৩৯১ তারিখঃ ০৮-০৪-২০২৬ খ্রি.

## নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নেবর্ণিত কর্মচারীর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

০১। **ড্রাফটসম্যান (গ্রেড-১১): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম ঃ ১২,৫০০- ৩০,২৩০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ
প্রার্থীকে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (আর্কিটেকচার) পাস হতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সমগ্রেড গ্রহণযোগ্য নয়। অটোক্যাড কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

০২। **পার্সোনাল এ্যাসিস্ট্যান্ট কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩): ০৩ (তিন) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ১১,০০০ - ২৬,৫৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/সমমানের ডিগ্রিসহ কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে মিনিটে ৪০ ও ৫০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

অথবা

এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/ স্বীকৃত প্রতিষ্ঠানে অফিস এ্যাসিস্ট্যান্ট কাম-কম্পিউটার টাইপিস্ট হিসেবে বা সমমানের পদে (বর্তমান মূল ৯,৩০০/- টাকা স্কেল, গ্রেড-১৬) সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে বাংলা ও ইংরেজিতে যথাক্রমে মিনিটে ৪০ ও ৫০ শব্দের গতিসম্পন্ন হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

০৩। **হিসাব সহকারী (গ্রেড-১৩): ০৪ (চার) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ১১,০০০ - ২৬,৫৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বানিজ্যে স্নাতক/সমমানের ডিগ্রীর অধিকারী হতে হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

০৪। **ড্রাইভার (হেভী/মিডিয়াম) (গ্রেড-১৫): ০২ (দুই) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৯,৭০০-২৩,৪৯০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ (হেভী/মিডিয়াম) মোটরগাড়ী চালনায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

০৫। **পাম্প ড্রাইভার (গ্রেড-১৭): ০১ (এক) টি পদ**
(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৯,০০০-২১,৮০০/-)
শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:
প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত/ স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩৫ বছর।

চলমান পাতা-০২

০৬। **মালি (গ্রেড-২০): ০১ (এক) টি পদ**

(জাতীয় বেতন স্কেল' ২০১৫ অনুযায়ী বেতনক্রম: ৮,২৫০-২০,০১০/-)

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

প্রার্থীকে কমপক্ষে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। দেশী বিদেশী ফুল সম্পর্কে ধারণা এবং ফুল গাছসহ অন্যান্য গাছ পরিচর্চার সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **সর্বশেষ সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী বয়স অনুর্ধ্ব ৩২ বছর।**

আবেদনের শর্তাবলী:

১। আবেদন অনলাইনে (Online) করতে হবে। আবেদন ফি বাবদ ক্রমিক নং ০১ এর জন্য ৩০০/- (তিনশত), ক্রমিক নং ০২-০৪ এর জন্য ২০০/- (দুইশত) এবং ক্রমিক নং ০৫-০৬ এর জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনে মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পেমেন্ট করে পেমেন্ট স্লিপ আবেদনপত্রের একটির সঙ্গে সংযুক্ত করে প্রয়োজনীয় (৪নং শর্তে চাহিত) কাগজপত্রাদিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র A4 খামে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http:/www.ku.ac.bd/career) পাওয়া যাবে। **অনলাইন (Online) আবেদন ব্যতীত কোন আবেদন গ্রহণযোগ্য নয়।**

২। **খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র কোন অবস্থাতেই ভাঁজ করা যাবে না।**

৩। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৪। **প্রতিসেট আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-**

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি)

(খ) অনলাইন পেমেন্ট স্লিপের কপি

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি

(ঘ) বিজ্ঞপ্তির ক্রমিক ০১-০৩ নং পদের জন্য কম্পিউটার সনদের সত্যায়িত কপি

(ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি

৫। খুলনা বিশ্ববিদ্যালয়ে কর্মরত গ্রেড-১৬ থেকে গ্রেড-১১ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অথবা বয়সের মধ্যে যে কোন একটি শিথিলযোগ্য এবং গ্রেড-২০ থেকে গ্রেড-১৭ পর্যন্ত কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য।

৬। পরীক্ষায় গ্রেড প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে জিপিএ ৫.০০ এর ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ২.৫০ এবং সিজিপিএ ৪.০০ এর ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ২.০০ থাকতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/ বসবাসের অনুমতি প্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। মুক্তিযোদ্ধা/ প্রতিবন্ধী/ উপজাতি/ নারী ইত্যাদি প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

৯। আবেদনপত্র **আগামী ০৮-০৪-২০২৬ খ্রি. থেকে ২৬-০৪-২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে** ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।

১০। কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয়/অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোন মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে।

১১। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. এস. এম. মাহবুবুর রহমান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা বিশ্ববিদ্যালয়